# মঞ্জুরি নং-৪৪

# ১৪৬ - ভূমি মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ১৬২৮,৯৬,০০ | ১৭১০,৪১,০০ | ১৭৯৫,৯৩,০০ |
| উন্নয়ন ব্যয় | ৮১০,৫০,৮৩ | ৯১৮,২৩,০০ | ৯৬৪,১৪,০০ |
| **মোট** | **২৪৩৯,৪৬,৮৩** | **২৬২৮,৬৪,০০** | **২৭৬০,০৭,০০** |
| | | | |
| আবর্তক | ১৮৬০,৭১,৮৭ | ২১৪৭,৮৪,৪৬ | ২২৬২,৩০,১০ |
| মূলধন | ৫৭৮,৭৪,৯৬ | ৪৮০,৭৯,৫৪ | ৪৯৭,৭৬,৯০ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **২৪৩৯,৪৬,৮৩** | **২৬২৮,৬৪,০০** | **২৭৬০,০৭,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

ভূমি ব্যবস্থাপনায় আধুনিক ও টেকসই প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনবান্ধব ভূমি সেবা নিশ্চিতকরণ।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ ভূমিস্বত্ব ও মালিকানার তথ্য সংরক্ষণ এবং খতিয়ান হালনাগাদকরণ;

১.২.২ ভূমি রাজস্ব আদায়, কর বহির্ভূত রাজস্ব আদায়, সায়রাত মহাল ব্যবস্থাপনা এবং অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা;

১.২.৩ কৃষি ও অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান, গুচ্ছগ্রাম সৃজন এবং অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা;

১.২.৪ উপজেলা/সার্কেল/মেট্রো/ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ ও মেরামত;

১.২.৫ আইন ও বিধিসমূহ যুগোপযোগীকরণ;

১.২.৬ ভূমি রাজস্ব কার্যক্রম তদারকি এবং বিভিন্ন প্রকার প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধি;

১.২.৭ মৌজায় জরিপকরণ, স্বত্বলিপি ও ম্যাপ সার্ভারে সংরক্ষণ ও স্বত্বলিপি হস্তান্তর; এবং

১.২.৮ ভূমি অধিগ্রহণ ও সীমানা বিরোধ নিষ্পত্তিকরণ।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন | • ডিজিটাইজড পদ্ধতিতে ভূমির নকশা প্রস্তুত, মুদ্রণ ও প্রকাশ করা | • ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| | • ডিজিটাল ল্যান্ড রেকর্ড ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে ভূমির স্বত্বলিপি প্রণয়ন, মুদ্রণ, সার্ভারে সংরক্ষণ এবং জনগণের জন্য উন্মুক্তকরণ | |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২. ভূমিহীন, অতি দরিদ্র এবং নিম্নবিত্তদের কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান, পুনর্বাসন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন | • বন্দোবস্তযোগ্য কৃষি খাসজমি চিহ্নিতকরণ ও ভূমিহীনদের মধ্যে খাসজমি বন্দোবস্ত প্রদান করা<br>• ভূমিহীন দরিদ্র পরিবারগুলো পুনর্বাসনের নিমিত্ত গুচ্ছগ্রাম নির্মাণ | • সচিবালয় |
| ৩. স্বচ্ছ, দক্ষ ও জনবান্ধব ভূমি রাজস্ব ব্যবস্থাপনা | • ভূমি অফিস নির্মাণ/মেরামত | • সচিবালয় |
| | • ই-মিউটেশন সিস্টেমের মাধ্যমে নামজারি ও জমা খারিজের আবেদন নিষ্পত্তিকরণ<br>• ভূমি উন্নয়নকরসহ অন্যান্য রাজস্ব দাবি নির্ধারণ আদায় ও তত্ত্বাবধান করা | • ভূমি সংস্কার বোর্ড |
| | • ক্যাডার-ননক্যাডার কর্মকর্তা-কর্মচারীদেরকে সার্ভে ও সেটেলমেন্ট এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা | • ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| | • ভূমি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা | • ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |
| | • ভূমি সংক্রান্ত অডিট কার্যক্রম পরিচালনা | • হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর |
| ৪. ভূমির মালিকানা স্বত্ব নিশ্চিতকরণ ও ভূমি রাজস্ব মামলা নিষ্পত্তিতে আইনের শাসন প্রতিষ্ঠা | • ডিজিটাল ভূমি জরিপের জন্য জিওডেটিক পিলার স্থাপন ও মান নির্ণয় করা<br>• ল্যান্ড জোনিং | • ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| | • ভূমি সংক্রান্ত মামলা নিষ্পত্তিকরণ | • ভূমি আপীল বোর্ড<br>• ল্যান্ড কমিশন |
| ৫. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সীমানা সংক্রান্ত বিরোধ নিরসন | • আন্তর্জাতিক সীমানা পিলার নির্মাণ, পুনঃনির্মাণ (আন্তঃজেলাসহ) | • ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ভূমি রেকর্ড প্রস্তুত ও সংরক্ষণ পদ্ধতি ডিজিটালাইজেশনের ফলে ভূমি রেকর্ড প্রণয়নের ক্ষেত্রে জালিয়াতি ও হয়রানি দূরীভূত হচ্ছে এবং জমি নিয়ে বিরোধ সংক্রান্ত জটিলতা হ্রাস পাচ্ছে। ভূমি মালিকদের সকল প্রকার ভূমির রেকর্ড ও নকশা প্রাপ্তি সহজলভ্য হচ্ছে। এর ফলে ভূমি রেকর্ড ও জরিপ কার্যক্রমের সুফল প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দারিদ্র্যপীড়িত সকল জনগোষ্ঠী ভোগ করতে সক্ষম হবে। স্বচ্ছ ভূমি জরিপের ভিত্তির উপর প্রতিষ্ঠিত হবে দক্ষ ও ডিজিটাইজড ভূমি ব্যবস্থাপনা। ই-পর্চার (eporcha.gov.bd) মাধ্যমে অনলাইনে ভূমি নকশা ও খতিয়ান ভূমির মালিকসহ জনগণ ঘরে বসে পাচ্ছেন। এতে সময় ও অর্থ ব্যয় হ্রাস পাচ্ছে যা পরোক্ষভাবে দারিদ্র্য নিরসনে ভূমিকা রাখছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** ১৬১২২ কল সেন্টারের মাধ্যমে ই-পর্চা সংক্রান্ত যেকোন অভিযোগের প্রতিকারের মাধ্যমে নারীদের জমির সুরক্ষা বৃদ্ধি পাবে। ভূমি রেকর্ড আধুনিকায়ন ও ডিজিটালাইজেশনের মাধ্যমে নারীদের পৈত্রিক ও অন্যান্য সূত্রে প্রাপ্ত সম্পত্তির অধিকার ভূমি জরিপে যথাযথভাবে যাচাই-বাছাই করে রেকর্ড নিশ্চিত করা হয়। ফলে ভূমির মালিকানায় নারীদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠিত হবে। এতে নারীদের আর্থ-সামাজিক ক্ষমতায়নের ভিত্তি মজবুত হবে।

**গ্রিন ক্লাইমেট ও জলবায়ু অভিঘাতের প্রভাব:** ডিজিটাইজড সার্ভে করার ফলে কৃষি জমি, নদী তীরবর্তী জমি, জলাভূমি ও বনাঞ্চলের পরিমাণের সঠিক তথ্য প্রাপ্তি নিশ্চিত হবে। ভূমি মালিকগণ তাদের ভূমিতে চাষাবাদসহ বনায়ন ও অন্যান্য কার্যক্রম নির্বিঘ্নে চালাতে পারবেন।

### ৩.১.২ ভূমিহীন অতিদরিদ্র এবং নিম্নবিত্তদের কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান, পুনর্বাসন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ছিন্নমূল, ভূমিহীন ও নদী ভাঙ্গনের ফলে গৃহহীন ও ভূমিহীন অতিদরিদ্র পরিবারকে গুচ্ছগ্রামে আবাসন সুবিধা প্রদান বা খাসজমি প্রদান, সেনেটারি ল্যাট্রিন, মাল্টিপারপাস হল, পরিবেশ বান্ধব উন্নত চুলা, নিরাপদ সুপেয় পানির জন্য নলকূপ ইত্যাদি প্রদানের মাধ্যমে তাদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত হবে। এছাড়াও এ সকল পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ ও ঋণ প্রদান করা হয়ে থাকে, যা দারিদ্র্য বিমোচনে সহায়ক ভূমিকা পালন করবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বন্দোবস্তকৃত গৃহ ও জমির দলিলে স্বামী ও স্ত্রী দুজনেরই নাম থাকে। এতে স্বামী-স্ত্রী প্রত্যেকের ৫০% মালিকানা উল্লেখ থাকে। ফলে নারীদের সামাজিক অধিকার ও নিরাপত্তা নিশ্চিত হয়।

**গ্রিন ক্লাইমেট ও জলবায়ু অভিঘাতের প্রভাব:** নদী ভাঙ্গন এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত ভূমিহীন, হতদরিদ্র ও নিম্নবিত্ত পরিবারসমূহকে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয়। বন্দোবস্তকৃত জমিতে বৃক্ষ রোপণের মাধ্যমে বায়ুমন্ডল হতে অধিক হারে কার্বন ডাই-অক্সাইড শোষিত হবে, যা জলবায়ুর অভিঘাত মোকাবেলায় সহায়ক হবে।

### ৩.১.৩ স্বচ্ছ, দক্ষ ও জনবান্ধব ভূমি রাজস্ব ব্যবস্থাপনা

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ই-নামজারি, খতিয়ান ও ম্যাপ অনলাইন পেমেন্টের মাধ্যমে প্রদান করার ফলে স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধি পাবে। এতে ভূমি ব্যবস্থাপনা হতে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। আহরিত রাজস্ব দারিদ্র্য বিমোচনে অর্থায়ন করার সুযোগ সৃষ্টি হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** ই-নামজারি, খতিয়ান ও ম্যাপ, ই-পর্চা অনলাইন পেমেন্টের মাধ্যমে প্রদানের ফলে নারীরা অতি সহজে স্বচ্ছতার সাথে তাদের ভূমি সংক্রান্ত রাজস্ব ফি প্রদান করে তাদের জমির CLO (Certificate of Land Ownership) প্রাপ্তি নিশ্চিত করতে পারবে। ফলে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পাবে।

**গ্রিন ক্লাইমেট ও জলবায়ু অভিঘাতের প্রভাব:** ডিজিটাল জরিপ ও দিয়ারা জরিপ প্রশিক্ষণের ফলে নদী তীরবর্তী এবং উপকূলবর্তী এলাকায় দক্ষ রাজস্ব ব্যবস্থাপনা গড়ে উঠবে। জেগে উঠা চরাঞ্চলে বনায়নের সুযোগ সৃষ্টি হবে যা জলবায়ুর ঝুঁকি মোকাবেলায় ইতিবাচক পরিবর্তন আনতে পারে।

### ৩.১.৪ ভূমির মালিকানা স্বত্ব নিশ্চিতকরণ ও ভূমি রাজস্ব মামলা নিষ্পত্তিতে আইনের শাসন প্রতিষ্ঠা

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ডিজিটাইজড ভূমি জরিপ এবং ভূমি রেকর্ড ও ম্যাপ উন্মুক্তকরণের ফলে ভূমি রেকর্ডে জালিয়াতি ও হয়রানি রোধ হবে এবং ভূমি সংক্রান্ত মামলা-মোকদ্দমা হ্রাস পাবে। এতে মামলা সংক্রান্ত খাতে জনগণের ব্যয় হ্রাস পাবে এবং তাদের আয় বৃদ্ধি পাবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** ডিজিটাল ভূমি জরিপ এবং ভূমি রেকর্ড ও ম্যাপ উন্মুক্তকরণের ফলে জমির মৌজা ও খতিয়ানের তথ্য দিয়ে জমির মালিকানা অনলাইনে প্রদর্শিত হবে। এতে ভূমিতে নারীদের মালিকানা স্বত্ব প্রতিষ্ঠায় ভূমিকা রাখবে।

**গ্রিন ক্লাইমেট ও জলবায়ু অভিঘাতের প্রভাব:** ডিজিটাল ভূমি জরিপ এবং ভূমি রেকর্ড ও ম্যাপ উন্মুক্তকরণের ফলে নাগরিকগণের জমির শ্রেণি সঠিকভাবে নির্ধারণ এবং রেকর্ড অনলাইনে সংরক্ষিত থাকবে। ফলে বন্যা বা প্রাকৃতিক দুর্যোগ পরবর্তীকালে ভূমির মালিকানা নিয়ে উদ্ভূত জটিলতা নিরসন হবে। ভূমি মালিকগণ তাদের ভূমিতে চাষাবাদ ও বনায়নসহ অন্যান্য কার্যক্রম চালাতে পারবে।

### ৩.১.৫ অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সীমানা সংক্রান্ত বিরোধ নিরসন

**দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর প্রভাব:** আন্তঃজেলা/আন্তঃউপজেলা সীমানা বিরোধ নিষ্পত্তির ফলে নাগরিক অধিকার, শিক্ষা, স্বাস্থ্য, কর্মক্ষেত্রসহ দারিদ্র্যপীড়িত জনগোষ্ঠী ও নারী সমাজের জীবনমানের অধিকতর উন্নয়নসহ জানমালের নিরাপত্তা বৃদ্ধি পাচ্ছে। অপরদিকে, আন্তর্জাতিক সীমানায় সীমান্ত পিলার নির্মাণ/পুনঃনির্মাণের মাধ্যমে বিরোধ নিষ্পত্তির ফলে উভয় দেশের

সিকিউরিটি ফোর্স (বিজিবি-বিএসএফ) এর মধ্যে আন্তর্জাতিক সীমানা নিয়ে ভুল বোঝাবোঝি নিরসন হচ্ছে এবং সীমান্তবর্তী জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নসহ সীমান্তরক্ষীগণ স্ব-স্ব দেশের সীমানা অনুযায়ী দায়িত্ব পালন করতে সুবিধা পাবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** সরাসরি কোন প্রভাব নেই।

**গ্রিন ক্লাইমেট ও জলবায়ু অভিঘাতের প্রভাব:** জলবায়ু পরিবর্তনের উপর সরাসরি কোন প্রভাব নেই।

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ১২৯০,৯১,০৮ | ১৪১৮,৫৩,৭৫ | ১৪১৮,৫৩,৭৫ |
| নারী উন্নয়ন | ৫৯৫,২৫,৩১ | ৭১০,৬৮,৮৬ | ৭১০,৬৮,৮৬ |
| জলবায়ু পরিবর্তন | ২৪,৮১,০০ | ২৭,২৯,১০ | ৩০,০২,০১ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **ভূমি সেবা ডিজিটাইজেশন**<br>সার্ভার ভাড়া, এনআইডি ভেরিফিকেশন, এসএমএস মাস্কিং, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ডিভাইস, কল সেন্টার, নাগরিক ভূমিসেবা কেন্দ্র, রোবট ভয়েস বট, সোশ্যাল মিডিয়া বুস্টিং, কিয়স্কের মাধ্যমে পর্চা প্রদানসহ অন্যান্য প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ। | • ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন<br>• দক্ষ ও স্বচ্ছ ভূমি রাজস্ব ব্যবস্থাপনা |
| ২. **গৃহহীন ও ভূমিহীন দরিদ্র নাগরিককে পুনর্বাসন**<br>গুচ্ছগ্রাম প্রকল্প ও খাসজমি বন্দোবস্তের মাধ্যমে গৃহহীন ও ভূমিহীন দরিদ্র নাগরিকদের জন্য পুনর্বাসন কার্যক্রম চালু রাখা। | • ভূমিহীন অতিদরিদ্র এবং নিম্নবিত্তদের পুনর্বাসন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন |
| ৩. **ল্যান্ড জোনিং**<br>মৌজা, সীট ম্যাপ স্ক্যানিং এর জন্য RTK (Real Time Kinematic) মেশিন ক্রয়। | • ভূমির মালিকানা স্বত্ব নিশ্চিতকরণ ও ভূমি রাজস্ব মামলা নিষ্পত্তিতে আইনের শাসন প্রতিষ্ঠা |
| ৪. **উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ**<br>ক্রমবর্ধমান জনগোষ্ঠীর জন্য ভূমিসেবার মান বৃদ্ধির লক্ষ্যে ভূমি অফিসের অবকাঠামো উন্নয়নের জন্য সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (২য়) পর্ব প্রকল্প ও সমন্বিত উপজেলা ভূমি কমপ্লেক্স নির্মাণ প্রকল্প গ্রহণ। | • দক্ষ ও স্বচ্ছ ভূমি রাজস্ব ব্যবস্থাপনা |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, ভূমি মন্ত্রণালয় | ৫৯৮,১৪,৮০ | ৬৩২,৮২,০০ | ৭৪২,০৬,৭৮ | ৭৬৭,৫০,১৯ | ৭৭৫,৭৪,১৬ |
| হিসাব নিয়ন্ত্রক, রাজস্ব | ৫,০৪,০০ | ৩,৭৯,২৪ | ৫,০০,০০ | ৫,৮২,১২ | ৬,০৮,৫৮ |
| বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজস্ব কার্যালয়সমূহ | ৬,২১,০০ | ৫,৬৯,০০ | ৫,৬৮,০০ | ৭,১৭,২৬ | ৭,৪৯,৮৬ |
| রাজস্ব হিসাব কার্যালয়সমূহ, হিসাব নিয়ন্ত্রক, ভূমি মন্ত্রণালয় | ২০,৭০,০০ | ১৯,৪৬,২৬ | ২১,১৪,০০ | ২১,১৪,১১ | ২২,৯৬,১৭ |
| প্রধান কার্যালয়, ভূমি সংস্কার বোর্ড | ২২,৮৫,০০ | ৪৫,৬৫,০০ | ৪৫,৩৫,০৫ | ২৫,২০,৬৪ | ১৫,৮১,০২ |
| উপ ভূমি সংস্কার কমিশনার এর কার্যালয়সমূহ | ৭,৩০,০০ | ৭,৩০,০০ | ৬,৭৩,০০ | ৭,৫০,০০ | ৮,০০,০০ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহ | ১৩৫,৮৪,০০ | ১৩৫,১৯,৫১ | ১২৮,৫৮,৯৫ | ১৩৭,৩৬,৩০ | ১৪৩,৫০,১৮ |
| উপজেলা ভূমি অফিসসমূহ | ৩৪৬,৯১,০০ | ৩৪৪,৫১,০০ | ৩৪৪,২০,৫৫ | ৩৬২,০৬,৮৩ | ৩৭৫,৭৭,১৭ |
| মেট্রো থানা ভূমি অফিসসমূহ | ১৭,৭৬,০০ | ১৪,৬৬,০০ | ১৩,৬০,০০ | ১৫,৪০,৪২ | ১৬,১৭,২৯ |
| ইউনিয়ন ভূমি অফিসসমূহ | ৬৭২,১৫,০০ | ৬৬৯,৭৫,০০ | ৬৯২,৪২,০০ | ৭০৭,৪৫,৬০ | ৭৫০,৫৩,৫৮ |
| সার্কেল ভূমি অফিসসমূহ | ১০,৪৬,০০ | ৯,৬৩,০০ | ৮,৮৪,৫০ | ১০,০৪,৭৮ | ১০,৫০,৪৬ |
| ভূমি আপিল বোর্ড | ৯,৭১,০০ | ৮,৪৭,৬০ | ৮,৫৭,০০ | ৯,৫০,০৮ | ১০,২১,৯৩ |
| ভূমি কমিশন | ১,৩০,০০ | ১,৩০,০০ | ১,২৭,০০ | ১,৫০,৭৮ | ১,৫৮,৪০ |
| ভূমি প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট | ১৮,৩৫,০০ | ১৫,৩৯,৬০ | ১৭,০০,০০ | ২০,১২,০৯ | ২১,২০,২৪ |
| প্রধান কার্যালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ২৬২,১৪,০০ | ৩২০,১৭,৪৫ | ২১৫,৯১,০০ | ৩২৭,৬৬,২২ | ৩৮২,৬৬,১০ |
| দিয়ারা সেটেলমেন্ট অফিসসমূহ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ৬,৭২,০০ | ৬,৬১,০০ | ৫,৫৫,০০ | ৬,৫৯,৮৮ | ৭,০৩,৭৭ |
| জোনাল সেটেলমেন্ট অফিসসমূহ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ৩১,০৫,০০ | ২৮,৯৩,৯৯ | ২৫,০৬,০০ | ৩২,৪২,২৫ | ৩৪,১১,৩০ |
| উপজেলা সেটেলমেন্ট অফিসসমূহ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ১৩১,০০,০০ | ১৩১,৯৯,১৮ | ১৫২,৪৮,০০ | ১৬৪,১৪,৪৫ | ১৭০,৬৬,৭৯ |
| **সর্বমোট :** | **২৩০৩,৬৩,৮০** | **২৪০১,৩৪,৮৩** | **২৪৩৯,৪৬,৮৩** | **২৬২৮,৬৪,০০** | **২৭৬০,০৭,০০** |

## ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১২২১,৪৯,০৫ | ১২১৯,৯৩,৯৬ | ১২৪৯,৬৯,৭৭ | ১৩০৯,৫১,৬৬ | ১৩৭১,৬৫,৩৪ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ১৬০,১৩,৮৭ | ১৭২,৩৮,৫৭ | ১৫৪,২৩,৭৯ | ১৬৩,৯৪,৯৭ | ১৭৪,২৫,৬২ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১৩,৫১,৮৪ | ৬,৪৯,১৫ | ৩,০৯,২৬ | ৫,১৫,৭৫ | ৫,৫৭,০৭ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ২১,৬৫,০১ | ২১,৪১,৯৬ | ২১,৩৭,৯৩ | ২৫,০৫,৮৯ | ২৬,৩৫,১০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১৭,৯৮,৮৭ | ১৬,৫২,৬৭ | ১৬,৮৪,৫১ | ১৮,২৩,৩০ | ১৮,২৯,৪৯ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ২৯,৮২,৭০ | ২৬,২৯,৭২ | ২৬,১৫,৫০ | ৩৩,২১,২১ | ৩৫,৫৮,৯৯ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ৯,০০ | ৯,০০ | ১০,০০ | ১০,৫০ | ১১,০৩ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ৮,০২,৬৬ | ৭,৬৩,৭৬ | ৯০,৯৪ | ১,১৭,৪৯ | ১,২০,৫৬ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ১৩৭,৯৫,২৯ | ৯১,৯৫,১৬ | ৮২,৭২,৩৭ | ৯৯,১২,৬৮ | ৮১,৮৫,৩৬ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৮,৭০,২৫ | ৮,৯৯,২৮ | ৮,৭৩,৭৬ | ৮,৫১,২৭ | ৮,৬২,৩২ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ১১০,১৬,৪২ | ১১৬,৬৫,৭৮ | ৭৬,০৭,৬০ | ২৫৯,৪৮,৬৫ | ৩০৯,৮৬,৫০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৮৮,৭৪,০০ | ১২১,৯৬,৬৫ | ১১৬,৪০,৮৭ | ১১৭,২৪,৮৬ | ১২১,৭৯,৮৯ |
| ৩৭২২ | অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি | ১১৬,৬৩,৮০ | ১১৪,১৪,৭১ | ৯৪,৫১,৮৩ | ১০০,০০,০০ | ১০০,০০,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ২,৫৮,৪৮ | ৫,২১,৪৮ | ৬,৪৫,৫৬ | ৭,০৫,২৩ | ৭,১১,৮৩ |
| ৩৯১১ | সংরক্ষিত | ২,৯৩,৪৪ | ১,০০ | ৩,৩৮,১৮ | ১,০০ | ১,০০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **১৯৪০,৪৪,৬৮** | **১৯২৯,৭২,৮৫** | **১৮৬০,৭১,৮৭** | **২১৪৭,৮৪,৪৬** | ২২৬২,৩০,১০ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ১৪২,৪২,০০ | ২৪৩,২১,০৫ | ৩২০,৭৮,০৫ | ২৪৮,৭৮,৫০ | ২৫৮,৭০,৫০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১১৬,০৪,৫৬ | ৯৫,৫২,০৪ | ১১২,৭০,৬৫ | ৬১,৭২,১৩ | ৬১,৭৮,৫১ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ৮৪,৭২,৫৬ | ১৩২,৮৮,৮৯ | ৭৪,৩৬,৩১ | ১৩২,২৮,৯১ | ১৩৩,১৩,৮৯ |
| ৪১৪১ | ভূমি | ০ | ০ | ০ | ০ | ০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ৪৯১১ | সংরক্ষিত | ২০,০০,০০ | ০ | ৭০,৮৯,৯৫ | ৩৮,০০,০০ | ৪৪,১৪,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **৩৬৩,১৯,১২** | **৪৭১,৬১,৯৮** | **৫৭৮,৭৪,৯৬** | **৪৮০,৭৯,৫৪** | ৪৯৭,৭৬,৯০ |
| | **সর্বমোট :** | **২৩০৩,৬৩,৮০** | **২৪০১,৩৪,৮৩** | **২৪৩৯,৪৬,৮৩** | **২৬২৮,৬৪,০০** | ২৭৬০,০৭,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. ই-মিউটেশনের মাধ্যমে নামজারি ও জমাখারিজ | ৩ | % | ৯৫ | ৯৭.৫ | ৯৮ | ৯৮ | ৯৮ | ৯৮ | ৯৯ |
| ২. বন্দোবস্তকৃত কৃষি খাসজমি ও নিষ্পত্তিকৃত বন্দোবস্ত মোকদ্দমা | ২ | একর (হাজার) | – | | ১.৫ | | ১.৫ | ১.৫ | ১.৫ |
| | | সংখ্যা (হাজার) | - | | ১.৬ | | ১.৬ | - | |
| ৩. ডিজিটাইজড ভূমি জরিপের জন্য জিওডেটিক পিলার স্থাপন ও মান নির্ণয় | ৪ | ডিজিটাল ট্রাভার্স জরিপ (সংখ্যা) | ৩৫০ | ৪৪৬ | ৩৫০ | ৩৫০ | ৩৭৫ | ৪০০ | ৪৫০ |
| ৪. ভূমির নকশা মুদ্রণ ও সরবরাহ | ১ | নকশা মুদ্রণ ও সরবরাহ (লক্ষ) | ০.৮০ | ১.০৫ | ০.৯০ | ০.৯০ | ০.৯০ | ০.৯০ | ০.৯০ |
| ৫. আন্তর্জাতিক সীমানা সংক্রান্ত পিলার নির্মাণ,পুনঃনির্মাণ (আন্তঃজেলাসহ) | ৫ | সীমানা সংখ্যা (আন্তজার্তিক) | ৬০০ | ৬৮৩ | ৬০০ | ৬০০ | ৬৫০ | ৬৫০ | ৭০০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) (৪র্থ সংশোধিত) প্রকল্পের আওতায় সাম্প্রতিককালে ২,২৩৪টি পরিবারকে ৪৪.৬৮ একর খাসজমিতে পুনর্বাসন করা হয়েছে। চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (সিডিএসপি-বি) (ভূমি মন্ত্রণালয় অংশ) (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় ৪,২৫৩টি ভূমিহীন পরিবারের মধ্যে ৫,৩৭০.৩০ একর কৃষি জমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। উপরিউক্ত প্রকল্প দু'টির মাধ্যমে সারাদেশে ৬,৪৮৭টি ভূমিহীন পরিবারের মধ্যে খতিয়ান বিতরণের মাধ্যমে ৫,৪১৪.৯৮ একর কৃষি জমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প (৬ষ্ঠ পর্ব) (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় ১৩৯টি উপজেলা ও ৫০১টি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ করা হয়েছে (ক্রমপুঞ্জিত)। সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় ১,০৪৩টি ইউনিয়ন ভূমি অফিস (সমতল অঞ্চলে দোতলা ফাউন্ডেশনের ৯৮৬টি, উপকূলীয় অঞ্চলের তিনতলা ফাউন্ডেশনের নিচতলা ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র সংস্থানে ৫৭টি দোতলা ভবন) নির্মাণ করা হয়েছে। মন্ত্রণালয়ের হটলাইন (১৬১২২) সেবার মাধ্যমে এ পর্যন্ত ৩৫ লক্ষ ২০ হাজার ৫৫৪ জন নাগরিককে ভূমি-সংক্রান্ত বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে; যার মধ্যে বিদেশ থেকে +৮৮০৯৬১২৩১৬১২২ নম্বরে ১২ হাজার ৭৭১ জন প্রবাসী নাগরিক সেবা নিয়েছেন। কল সেন্টারে কল করার পাশাপাশি ভূমি পোর্টাল (land.gov.bd)-এর মাধ্যমে ১ কোটি ৫২ লক্ষ ৭৫ হাজার ১৭১ জন ভূমি মালিক এবং ১ লক্ষ ৬৬ হাজার ৮৬টি সংস্থা নিবন্ধিত হয়ে ভূমিসেবা গ্রহণ করছেন; পাশাপাশি ১০ হাজার ৬৮৯ জন কর্মকর্তা/কর্মচারী ভূমিসেবা প্রদান করছেন। ইমেইল, সামাজিক যোগাযোগ মাধ্যম ও ভূমিসেবা পোর্টালের লাইভ চ্যাটে Digital Query Management (DQM) সিস্টেমের সাহায্যে ১ লক্ষ ৮৪ হাজার ৩৬৮টি নাগরিকের প্রশ্নের উত্তর প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ের ভূমি কর্মকর্তা/কর্মচারীদের ৩৬ হাজার ৬১৩টি কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। কল সেন্টার হতে ভূমিসেবা সংক্রান্ত প্রাপ্ত ২৮ হাজার ৫০৪টি অভিযোগের মধ্যে ৬ হাজার ৯৭২টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নাগরিক ভূমিসেবা কেন্দ্র হতে বিনামূল্যে ৬৫ হাজার ৩৪৭ জন নাগরিককে সরাসরি সেবা ও প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সায়রাত মহাল সংক্রান্ত তথ্যের ডাটাবেইজ প্রস্তুত করা হয়েছে। ই-নামজারির প্রতিটি স্তরে নাগরিককে এসএমএস এর মাধ্যমে আবেদনের আপডেট জানানো হচ্ছে। ই-মিউটেশন সিস্টেম চালুর পর থেকে এখন পর্যন্ত ১ কোটি ৫৪ লক্ষ ৫৫৫টি আবেদন করা হয়েছে এবং ১

কোটি ৫৩ লক্ষ ৯১ হাজার ২১৩টি আবেদন নিষ্পত্তি করা হয়েছে। যা থেকে ১,২৮৭ কোটি ২৫ লক্ষ ৭৩ হাজার ৭১০ টাকা রাজস্ব আদায় হয়েছে। এ সকল নামজারি খতিয়ান অনলাইনে অন্তর্ভুক্ত হয়েছে। ভূমি উন্নয়ন কর সফট্ওয়্যার চালুর পর থেকে এ পর্যন্ত অনলাইনে নাগরিক ও সংস্থা মোট ৫ কোটি ১৬ লক্ষ ৯৫ হাজার ৮৭৩টি হোল্ডিংয়ের বিপরীতে ৩,৬০৩ কোটি ৭৬ লক্ষ ২২ হাজার ১৬৪ টাকা ভূমি উন্নয়ন কর প্রদান করেছেন। পাশাপাশি কিউআর কোড সম্বলিত দাখিলা সংগ্রহ করেছেন এবং সকল দাখিলা অনলাইনে অন্তর্ভুক্ত রয়েছে। ৫ কোটি ৫৯ লক্ষ ৯৯ হাজার ৮৪৮টি সিএস, এসএ, আরএস ও বিআরএস খতিয়ানের তথ্য এবং ৭৫ হাজার ৮১৫টি মৌজার ম্যাপের সফট্কপি সংরক্ষণ করা হয়েছে। নাগরিকগণ অনলাইন পেমেন্টের মাধ্যমে সংরক্ষিত খতিয়ান ও মৌজা ম্যাপের কপি ডাকযোগে সংগ্রহ করতে পারছেন। এ পর্যন্ত ৫১ লক্ষের অধিক খতিয়ান ও ৮ হাজার মৌজা ম্যাপ জনগণের ঠিকানায় পৌঁছে দেওয়া হয়েছে। ৭৫ হাজার ৪১৫টি ম্যাপ ডিজিটাইজড করা হয়েছে। এসব ম্যাপের উপর স্যাটেলাইট ইমেজ বসিয়ে প্লটভিত্তিক জমির শ্রেণির তথ্যভাণ্ডার তৈরি করা হচ্ছে। ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের মাধ্যমে ভূমিসেবা ডিজিটাইজেশনের লক্ষ্যে ৬টি সফট্ওয়্যারের কার্যক্রম সমাপ্ত হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ/মেরামত | নির্মিত ভূমি অফিস | ৩ | সংখ্যা (উপজেলা) | | | ২০০ | | ৩০০ | - | |
| | | | সংখ্যা (ইউনিয়ন) | | | ৮০ | ৫০ | ৩৮০ | ৯০৩ | |
| | মেরামতকৃত ভূমি অফিস | ৩ | সংখ্যা (উপজেলা) | ১৫০ | ১৫৭ | ১৫০ | | ১৫০ | ৬৫ | |
| | | | সংখ্যা (ইউনিয়ন) | ৫০০ | ৫৮০ | ৫০০ | | ৫০০ | ৫০০ | ৫০০ |
| ২. বন্দোবস্তকৃত কৃষি খাস জমি ও নিষ্পত্তিকৃত বন্দোবস্ত মোকদ্দমা | বন্দোবস্তকৃত খাস জমির পরিমাণ | ২ | একর (হাজার) | ১.৫ | ৩.৫ | ৩.৫ | ৩.৫ | ৩.৫ | ৩.৫ | ৩.৫ |
| | পুনর্বাসিত পরিবার | | সংখ্যা (হাজার) | ১১.৫ | | ১২.০ | ১১.০ | ১২.০ | ১২.০ | ১২.০ |
| ৩. ভূমিহীন দরিদ্র পরিবার পুনর্বাসনের নিমিত্ত গুচ্ছগ্রাম নির্মাণ করা | গুচ্ছগ্রাম নির্মাণ | ২ | সংখ্যা (টি) | ৩০০ | | ৩৫০ | | ৩৫০ | ৩৫০ | ৩৬০ |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪৬০১০১ - সচিবালয়, ভূমি মন্ত্রণালয় | ২-৩ | ৭৩,৪৬,৯২ | ৮৯,৪২,৩৮ | ৯০,৮৯,৫৭ | ১০৭,৭৫,৫১ | ১০৬,৫৮,৭০ | ১০৮,৬৮,৬৭ |
| ১৪৬০৬০১ - ভূমি কমিশন | | ৯৭,০১ | ১,৩০,০০ | ১,৩০,০০ | ১,২৭,০০ | ১,৫০,৭৮ | ১,৫৮,৪০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৭৪,৪৩,৯৩** | **৯০,৭২,৩৮** | **৯২,১৯,৫৭** | **১০৯,০২,৫১** | **১০৮,০৯,৪৮** | **১১০,২৭,০৭** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০১৪৮০১ - অটোমেটেড ল্যান্ড এডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম (এলামস) | ১ | ১,৭৬,১৬ | ৪,০৮,৬২ | ২,৭৭,৭২ | ২,৮৯,৪৯ | ২,৯১,৪৯ | ২,৯১,৪৯ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **১,৭৬,১৬** | **৪,০৮,৬২** | **২,৭৭,৭২** | **২,৮৯,৪৯** | **২,৯১,৪৯** | **২,৯১,৪৯** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৭৬,২০,০৯** | **৯৪,৮১,০০** | **৯৪,৯৭,২৯** | **১১১,৯২,০০** | **১১১,০০,৯৭** | **১১৩,১৮,৫৬** |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত | | | | | | | |
| ২১১০০০২০২ - কাজের বিনিময়ে সরবরাহকৃত খাদ্য সামগ্রীর মূল্য (এ.ডি.পি. বহির্ভূত) | ১-৩ | ০ | ১১৬,৬৩,৮০ | ১১৪,১৪,৭১ | ৯৪,৫১,৮৩ | ১০০,০০,০০ | ১০০,০০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত | | **০** | **১১৬,৬৩,৮০** | **১১৪,১৪,৭১** | **৯৪,৫১,৮৩** | **১০০,০০,০০** | **১০০,০০,০০** |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১৪৬ - ভূমি মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-৪ | ০ | ২০,০০,০০ | ০ | ৭০,৮৯,৯৫ | ৩৮,০০,০০ | ৪৪,১৪,০০ |
| ২২৪৩২৩১০০ - * ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০২০ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১ | ১৬১,৫৭,৫৬ | ১২৮,০০,০০ | ১৪৮,০০,০০ | ১২৪,০০,০০ | ২০০,০০,০০ | ২০০,০০,০০ |
| ২২৪৩২৫০০০ - মৌজা ও প্লট ভিত্তিক ডিজিটাল জাতীয় ভূমি জোনিং প্রকল্প (২য় সংশোধিত) (০১/১০/২০২০ - ৩১/১২/২০২৭) অনুমোদিত | ৪ | ২৮,৮৭,০০ | ৯০,০০,০০ | ৬০,০০,০০ | ৪২,০০,০০ | ৬০,০০,০০ | ৫০,০০,০০ |
| ২২৪৩৯৮৩০০ - সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (২য় পর্ব) (০১/০৭/২০২৩ - ৩০/০৬/২০২৮) অনুমোদিত | ১ | ০ | ১৫০,০০,০০ | ২১৭,০০,০০ | ৩০০,০০,০০ | ২৬০,০০,০০ | ২৭০,০০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **১৯০,৪৪,৫৬** | **৩৮৮,০০,০০** | **৪২৫,০০,০০** | **৫৩৬,৮৯,৯৫** | **৫৫৮,০০,০০** | **৫৬৪,১৪,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **১৯০,৪৪,৫৬** | **৫০৪,৬৩,৮০** | **৫৩৯,১৪,৭১** | **৬৩১,৪১,৭৮** | **৬৫৮,০০,০০** | **৬৬৪,১৪,০০** |
| মোট : | | **২৬৬,৬৪,৬৫** | **৫৯৯,৪৪,৮০** | **৬৩৪,১২,০০** | **৭৪৩,৩৩,৭৮** | **৭৬৯,০০,৯৭** | **৭৭৭,৩২,৫৬** |

## ৬.২ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সীমান্তে বিভিন্ন ধরনের মোট ২,৯৩৭টি পিলার নির্মাণ/পুনঃনির্মাণ ও মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন ১৯টি জোনাল এবং ০১টি দিয়ারা সেটেলমেন্ট অপারেশনের অধীনে পরিচালিত জরিপ কর্মসূচিভুক্ত ৪০,৪১১টি মৌজার মধ্যে ৩৯,৬২৯টি মৌজার তসদিক স্তরে ২,৮৫,৭৭,৯১৮টি খতিয়ানের তসদিক সমাপ্ত হয়েছে। তন্মধ্যে ৩৭,৩৯৩টি মৌজার ২,৩২,৭৬,৭৪৩টি খতিয়ানের চূড়ান্ত প্রকাশনার গেজেট জারি করা হয়েছে এবং ৩৪,৯২৪টি মৌজার ২,২৫,৮৭,৯৩৪টি খতিয়ান জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে। ১০৭টি মৌজার ৩,১৭,০৭৪টি খতিয়ানের মাঠ জরিপের তসদিক স্তরের কাজ, ১,৪৫৬টি মৌজার ১,৯২,৫,২৭৩টি খতিয়ানের চূড়ান্ত প্রকাশনার গেজেট জারি করা হয়েছে এবং ২,০৮০টি মৌজার ২০,০০,১৮৬টি খতিয়ান জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের স্মার্ট ভূমিসেবার আওতায় ভূমির মালিকসহ জনগণ হয়রানিমুক্তভাবে ঘরে বসে অতি সহজে খতিয়ান ও নকশা অনলাইনে পাচ্ছেন। সাম্প্রতিক বছরে অনলাইন সার্ভে সফট্ওয়্যারে এক-পে এর মাধ্যমে ২,৫৯,৭৩,৯৩০/- (দুই কোটি উনষাট লক্ষ তিয়াত্তর হাজার নয়শত ত্রিশ) টাকা এবং খতিয়ান, নকশা, কোর্ট ফি, বদর ফি ও ফলিও বাবদ অফলাইনে ২,৪১,১৭,৯৭৫/- (দুই কোটি একচল্লিশ লক্ষ সতেরো হাজার নয়শত পঁচাত্তর) টাকাসহ সর্বমোট ৫,০০,৯১,৯০৫/- (পাঁচ কোটি একানব্বই হাজার নয়শত পাঁচ) টাকা রাজস্ব আয় হয়েছে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ও এর আওতাধীন জোনাল সেটেলমেন্ট অফিস ও উপজেলা সেটেলমেন্ট অফিসে ১,০৪৯ জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছে এবং ৫৪৮ জন কর্মচারী নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ভূমির স্বত্বলিপি প্রণয়ন, মুদ্রণ ও প্রকাশ | খতিয়ান প্রস্তুত ও মুদ্রণ | ১ | খতিয়ান কম্পিউটারে এন্ট্রি (লক্ষ) | ৩.০০ | ০.৩৮ | ০.৪০ | ০.৪০ | ০.৪৫ | ০.৫০ | ০.৫৫ |
| | | | খতিয়ান মুদ্রণ ও সরবরাহ (লক্ষ) | ৪.০০ | ৪.২৯ | ৪.০০ | ৪.০০ | ৪.১০ | ৪.২০ | ৪.৩০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২. ভূমির নকশা, মুদ্রণ ও সরবরাহ | নকশা মুদ্রণ ও সরবরাহ | ১ | নকশা মুদ্রণ ও সরবরাহ (লক্ষ) | ০.৮০ | ১.০৫ | ০.৯০ | ০.৯০ | ০.৯০ | ০.৯০ | ০.৯০ |
| ৩. স্বচ্ছ ও দক্ষ ভূমিবান্ধব রাজস্ব ব্যবস্থাপনার জন্য ক্যাডার-ননক্যাডার কর্মকর্তা-কর্মচারীদেরকে সার্ভে ও সেটেলমেন্ট এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | ২৪০ | ২৩৮ | ২৪০ | ২৪০ | ২৪০ | ২৪০ | ২৪০ |
| ৪. ডিজিটাল ভূমি জরিপের জন্য জিওডেটিক পিলার স্থাপন ও মান নির্ণয় | ডিজিটাল ট্রাভার্স | ৪ | (সংখ্যা) | ৩৫০ | ৪৪৬ | ৩৫০ | ৩৫০ | ৩৭৫ | ৪০০ | ৪৫০ |
| ৫. আন্তর্জাতিক সীমানা সংক্রান্ত বিরোধ নিরসনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ ও সরেজমিনে যৌথ পরিদর্শন এবং সীমানা পিলার নির্মাণ/পুন:নির্মাণ ও আন্তঃজেলা সীমানা নির্ধারণ | সীমানা পিলার স্থাপন | ৫ | সীমানা সংখ্যা (আন্তজার্তিক) | ৬০০ | ৬৮৩ | ৬০০ | ৬০০ | ৬৫০ | ৬৫০ | ৭০০ |
| | | | যৌথভাবে পরিদর্শন (সংখ্যা) | ১৫ | ১৫ | ১৫ | ১৫ | ১৭ | ১৯ | ২১ |
| ৬. ল্যান্ড জোনিং | জোনিংকৃত ল্যান্ড | ৪ | % (৬৪টি জেলার বিপরীতে লক্ষ্যমাত্রা) | - | | ১০ | ১০ | ২০ | ৩৪ | |

## ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪৬০৮০১ - প্রধান কার্যালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ৪,৫ | ৩৭,১২,০০ | ৫২,৯০,০০ | ৪৯,৫৮,৪৩ | ৫৩,৮৯,০০ | ৫৯,৫১,৭৩ | ৬৩,৬১,২৬ |
| ১৪৬০৮০২ - দিয়ারা সেটেলমেন্ট অফিসসমূহ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ৪,৫,৬ | ৪,৮০,১৬ | ৬,৭২,০০ | ৬,৬১,০০ | ৫,৫৫,০০ | ৬,৫৯,৮৮ | ৭,০৩,৭৭ |
| ১৪৬০৮০৩ - জোনাল সেটেলমেন্ট অফিসসমূহ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ৪,৫,৬ | ২০,৬৯,২২ | ৩১,০৫,০০ | ২৮,৯৩,৯৯ | ২৫,০৬,০০ | ৩২,৪২,২৫ | ৩৪,১১,৩০ |
| ১৪৬০৮০৪ - উপজেলা সেটেলমেন্ট অফিসসমূহ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | ৪,৫,৬ | ১০৪,৬৯,৭৯ | ১৩১,০০,০০ | ১৩১,৯৯,১৮ | ১৫২,৪৮,০০ | ১৬৪,১৪,৪৫ | ১৭০,৬৬,৭৯ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৬৭,৩১,১৭** | **২২১,৬৭,০০** | **২১৭,১২,৬০** | **২৩৬,৯৮,০০** | **২৬২,৬৮,৩১** | **২৭৫,৪৩,১২** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০২৫০১ - আন্তর্জাতিক সীমান্ত জরিপ ও চিহ্নিতকরণ | ৪ | ২,৫৬,২৩ | ২,৯৫,০০ | ১,৮৪,০০ | ২,৫৬,০০ | ৩,১৭,২৪ | ৩,৩০,৫০ |
| ১২০০০২৫০২ - সেটেলমেন্ট কার্যক্রম | ৩ | ৫,৬৮,০৩ | ৭,০০,০০ | ৬,৪০,০০ | ৬,২১,০০ | ৭,৪৮,৭৫ | ৮,০০,৩৪ |
| ১২০০০২৫০৩ - জরিপ কার্যক্রম | ৩ | ১০,২৬,৪৬ | ৬,৯০,০০ | ৫,১৬,০০ | ৫,৪৬,০০ | ৭,২৫,৫০ | ৭,৭৪,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **১৮,৫০,৭২** | **১৬,৮৫,০০** | **১৩,৪০,০০** | **১৪,২৩,০০** | **১৭,৯১,৪৯** | **১৯,০৪,৮৪** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৮৫,৮১,৮৯** | **২৩৮,৫২,০০** | **২৩০,৫২,৬০** | **২৫১,২১,০০** | **২৮০,৫৯,৮০** | **২৯৪,৪৭,৯৬** |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪২৬৩২০০ - * ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপের মাধ্যমে ৩টি সিটি কর্পোরেশন, ১টি পৌরসভা এবং ২টি গ্রামীণ উপজেলার ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৫,৬ | ১১৮,৬৪,০১ | ৬৬,০১,০০ | ১৭৬,৭৯,০২ | ১০,৭৯,০০ | ০ | ০ |
| ২২৪৩২৩২০০ - ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল জরিপ পরিচালনার সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০২০ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ৪ | ০ | ১২৬,৩৮,০০ | ৮০,৪০,০০ | ১৩৭,০০,০০ | ২৫০,২৩,০০ | ৩০০,০০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **১১৮,৬৪,০১** | **১৯২,৩৯,০০** | **২৫৭,১৯,০২** | **১৪৭,৭৯,০০** | **২৫০,২৩,০০** | **৩০০,০০,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **১১৮,৬৪,০১** | **১৯২,৩৯,০০** | **২৫৭,১৯,০২** | **১৪৭,৭৯,০০** | **২৫০,২৩,০০** | **৩০০,০০,০০** |
| মোট : | | **৩০৪,৪৫,৯০** | **৪৩০,৯১,০০** | **৪৮৭,৭১,৬২** | **৩৯৯,০০,০০** | **৫৩০,৮২,৮০** | **৫৯৪,৪৭,৯৬** |

## ৬.৩ ভূমি সংস্কার বোর্ড

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** ভূমি সংস্কার বোর্ডের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের (বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়সমূহ, জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহ, উপজেলা ভূমি অফিস কার্যালয়সমূহ, ইউনিয়ন ভূমি অফিসসমূহ এবং রাজস্ব মেট্রো/সার্কেল ভূমি অফিসসমূহ) বাজেট কার্যক্রম ভূমি ইনফরমেশন এন্ড ম্যানেজমেন্ট সিস্টেমের (LIMS-Land Information and Management System) আওতায় আনা হয়েছে। সারাদেশে ৬১টি জেলায় (০৩ পার্বত্য জেলা ব্যতীত) শতভাগ ই-নামজারি কার্যক্রম চলমান রয়েছে যা ভূমি উন্নয়ন করের দাবি নির্ধারণ এবং ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। আবহমানকাল হতে প্রচলিত বিধি-বিধানের আলোকে বিদ্যমান পদ্ধতিকে ডিজিটাল করার লক্ষ্যে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফট্ওয়্যার চালু করা হয়েছে। ভূমিসেবা গ্রহীতাদের স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও হয়রানিমুক্তভাবে সেবা প্রদানের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ইতোমধ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফট্ওয়্যার তৈরি করে মাঠ পর্যায়ের ৬১টি জেলার ৪৮৬টি উপজেলা ভূমি অফিস, ১৯টি মেট্রো থানা ভূমি অফিস, ১০টি সার্কেল ভূমি অফিস, ৩,৪৬৭টি ইউনিয়ন ভূমি অফিসে ভূমি উন্নয়ন কর সফট্ওয়্যারের মাধ্যমে দাবি নির্ধারণ ও আদায় করা হচ্ছে। এছাড়াও ডিজিটাল কার্যক্রমের আওতায় ইতোমধ্যে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক বোর্ড এবং বোর্ডের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের (মাঠ পর্যায়ে কর্মরত) প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সম্বলিত সফট্ওয়্যার তৈরি করা হয়েছে। এছাড়াও Report Management System (RMS) এর মাধ্যমে ৬৪ জেলা থেকে Non-Tax Revenue এর তথ্য এই সফট্ওয়্যারের মাধ্যমে প্রদান করে থাকে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ভূমি উন্নয়নকরসহ অন্যান্য রাজস্ব দাবী নির্ধারণ, আদায় ও তত্ত্বাবধান করা | আদায়কৃত ভূমি রাজস্ব | ৩ | কোটি টাকায় | ১৬০৮ | ১১৫৫ | ১৬৬৯ | ১৬৬৯ | ২০৪১ | ২০৫০ | ২১০০ |
| ২. ই-মিউটেশনের মাধ্যমে নিষ্পত্তিকৃত নামজারি ও জমাখারিজের আবেদন | ই-মিউটেশনের মাধ্যমে নামজারি | ৩ | % | ৯৫ | ৯৭.৫ | ৯৮ | ৯৮ | ৯৮ | ৯৮ | ৯৯ |

### ৬.৩.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪৬০৩০১ - প্রধান কার্যালয়, ভূমি সংস্কার বোর্ড | ১ | ৮,০৮,৩৪ | ১৬,৮৫,০০ | ১১,৮৮,০০ | ১৪,০৫,০০ | ১৫,২০,৬৪ | ১৫,৮১,০২ |
| ১৪৬০৩০২ - উপ ভূমি সংস্কার কমিশনার এর কার্যালয়সমূহ | ১ | ৩,৮৩,৬১ | ৭,৩০,০০ | ৭,৩০,০০ | ৬,৭৩,০০ | ৭,৫০,০০ | ৮,০০,০০ |
| ১৪৬০৪০১ - জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহ | ১ | ৯৯,৩০,৮২ | ১৩৫,৮৪,০০ | ১৩৫,১৯,৫১ | ১২৮,৫৮,৯৫ | ১৩৭,৩৬,৩০ | ১৪৩,৫০,১৮ |
| ১৪৬০৪০২ - উপজেলা ভূমি অফিসসমূহ | ১ | ২৬৪,৬৭,৫৬ | ৩৪৬,৯১,০০ | ৩৪৪,৫১,০০ | ৩৪৪,২০,৫৫ | ৩৬২,০৬,৮৩ | ৩৭৫,৭৭,১৭ |
| ১৪৬০৪০৩ - মেট্রো থানা ভূমি অফিসসমূহ | ১ | ৮,৭২,৮৬ | ১৭,৭৬,০০ | ১৪,৬৬,০০ | ১৩,৬০,০০ | ১৫,৪০,৪২ | ১৬,১৭,২৯ |
| ১৪৬০৪০৪ - ইউনিয়ন ভূমি অফিসসমূহ | ১ | ৫২৫,৭৬,৫২ | ৬৭২,১৫,০০ | ৬৬৯,৭৫,০০ | ৬৯২,৪২,০০ | ৭০৭,৪৫,৬০ | ৭৫০,৫৩,৫৮ |
| ১৪৬০৪০৬ - সার্কেল ভূমি অফিসসমূহ | ১ | ৪,৭৯,৩৫ | ১০,৪৬,০০ | ৯,৬৩,০০ | ৮,৮৪,৫০ | ১০,০৪,৭৮ | ১০,৫০,৪৬ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৯১৫,১৯,০৬** | **১২০৭,২৭,০০** | **১১৯২,৯২,৫১** | **১২০৮,৪৪,০০** | **১২৫৫,০৪,৫৭** | **১৩২০,২৯,৭০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৯১৫,১৯,০৬** | **১২০৭,২৭,০০** | **১১৯২,৯২,৫১** | **১২০৮,৪৪,০০** | **১২৫৫,০৪,৫৭** | **১৩২০,২৯,৭০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪৪০৮০০০ - জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত রেকর্ড রুমসমূহ সংস্কার ও মেরামত প্রকল্প (০১/০১/২০২৫ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ৩ | ০ | ৬,০০,০০ | ৩৩,৭৭,০০ | ৩১,৩০,০৫ | ১০,০০,০০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **৬,০০,০০** | **৩৩,৭৭,০০** | **৩১,৩০,০৫** | **১০,০০,০০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **৬,০০,০০** | **৩৩,৭৭,০০** | **৩১,৩০,০৫** | **১০,০০,০০** | **০** |
| মোট : | | **৯১৫,১৯,০৬** | **১২১৩,২৭,০০** | **১২২৬,৬৯,৫১** | **১২৩৯,৭৪,০৫** | **১২৬৫,০৪,৫৭** | **১৩২০,২৯,৭০** |

## ৬.৪ ভূমি আপীল বোর্ড

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন:** ভূমির মালিকানা এবং ব্যবহারসহ ভূমি সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে প্রতিষ্ঠিত ‘ভূমি আপীল বোর্ড’ অধঃস্তন ভূমি রাজস্ব কর্তৃপক্ষ প্রদত্ত রায়ের বিরুদ্ধে আপীল আবেদন বিশ্লেষণ এবং সিদ্ধান্ত গ্রহণ করে থাকে। বাংলাদেশে ভূমি বিরোধ নিষ্পত্তি এবং ভূমি অধিকার রক্ষার লক্ষ্যে ন্যায্য ও স্বচ্ছ বিচারের মধ্য দিয়ে ভূমি আপীল বোর্ড একটি ন্যায়ভিত্তিক ও কার্যকর ভূমি প্রশাসন ব্যবস্থা বজায় রাখতে সাহায্য করে। আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহার করে Web Based Case Management System এর মাধ্যমে ভূমি রাজস্ব মামলা সংক্রান্ত সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে। ভূমি আপীল বোর্ডের নিষ্পত্তিকৃত এবং হালনাগাদ সকল মামলা ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করা হচ্ছে। ভূমি আপীল বোর্ড আদালতে সাম্প্রতিক বছরগুলোতে ৬১৮টি ভূমি রাজস্ব বিষয়ক মামলা নিষ্পত্তি করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ভূমি সংক্রান্ত মামলা নিষ্পত্তিকরণ | মামলা নিষ্পত্তির সংখ্যা | ৪ | সংখ্যা | ৪৩৬ | ৬১৮ | ৪৬০ | ১০২ | ৫০০ | ৫২০ | ৫৫০ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪৬০৫০১ - ভূমি আপিল বোর্ড | ১ | ৩,৫৩,০০ | ৯,৭১,০০ | ৮,৪৭,৬০ | ৮,৫৭,০০ | ৯,৫০,০৮ | ১০,২১,৯৩ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৩,৫৩,০০** | **৯,৭১,০০** | **৮,৪৭,৬০** | **৮,৫৭,০০** | **৯,৫০,০৮** | **১০,২১,৯৩** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৩,৫৩,০০** | **৯,৭১,০০** | **৮,৪৭,৬০** | **৮,৫৭,০০** | **৯,৫০,০৮** | **১০,২১,৯৩** |
| মোট : | | **৩,৫৩,০০** | **৯,৭১,০০** | **৮,৪৭,৬০** | **৮,৫৭,০০** | **৯,৫০,০৮** | **১০,২১,৯৩** |

## ৬.৫ হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) ভূমি মন্ত্রণালয়ের একটি অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর। উক্ত দপ্তরের মাধ্যমে প্রতি অর্থবছরে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ের সেটেলমেন্ট ও ম্যানেজমেন্ট বিভাগের অফিসসহ বোর্ড ও দপ্তর/অধিদপ্তর এর ৫,০৩৬টি হিসাব অডিট শেষে প্রতি অর্থবছরে ১,২৫৩টি অডিট রিপোর্ট দাখিল করা হয়। ২,৯২২টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত ১৩,৮৭,২৭,১৫০/- (তের কোটি সাতাশি লক্ষ সাতাশ হাজার একশত পঞ্চাশ) টাকা সরকারি কোষাগারে জমা হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ভূমি সংক্রান্ত অডিট কার্যক্রম পরিচালনা করা | অডিট নিষ্পত্তি | ৩ | সংখ্যা | ২০০০ | ১০৫০ | ২২০০ | ২২০০ | ২৩০০ | ২৫০০ | ২৬০০ |

### ৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪৬০২০১ - হিসাব নিয়ন্ত্রক, রাজস্ব | | ৩,৩৪,৮৮ | ৫,০৪,০০ | ৩,৭৯,২৪ | ৫,০০,০০ | ৫,৮২,১২ | ৬,০৮,৫৮ |
| ১৪৬০২০২ - বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজস্ব কার্যালয়সমূহ | ১ | ৩,৪২,২২ | ৬,২১,০০ | ৫,৬৯,০০ | ৫,৬৮,০০ | ৭,১৭,২৬ | ৭,৪৯,৮৬ |
| ১৪৬০২০৩ - রাজস্ব হিসাব কার্যালয়সমূহ, হিসাব নিয়ন্ত্রক, ভূমি মন্ত্রণালয় | ১ | ১৬,০৮,৪৪ | ২০,৭০,০০ | ১৯,৪৬,২৬ | ২১,১৪,০০ | ২১,১৪,১১ | ২২,৯৬,১৭ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **২২,৮৫,৫৪** | **৩১,৯৫,০০** | **২৮,৯৪,৫০** | **৩১,৮২,০০** | **৩৪,১৩,৪৯** | **৩৬,৫৪,৬১** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২২,৮৫,৫৪** | **৩১,৯৫,০০** | **২৮,৯৪,৫০** | **৩১,৮২,০০** | **৩৪,১৩,৪৯** | **৩৬,৫৪,৬১** |
| মোট : | | **২২,৮৫,৫৪** | **৩১,৯৫,০০** | **২৮,৯৪,৫০** | **৩১,৮২,০০** | **৩৪,১৩,৪৯** | **৩৬,৫৪,৬১** |

## ৬.৬ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

৬.৬.১ **সাম্প্রতিক অর্জন:** ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভূমি ব্যবস্থাপনায় নিযুক্ত সার্ভেয়ার, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, কানুনগো, সহকারী কমিশনার (ভূমি), রেভিনিউ ডেপুটি কালেক্টর (RDC)), ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (LAO), উপজেলা নির্বাহী অফিসার (UNO), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পর্যায়ের কর্মকর্তাগণকে বিভিন্ন মেয়াদে TOT কোর্স, ফান্ডামেন্টাল ভূমি ব্যবস্থাপনা কোর্স, বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্স, ভূমি অধিগ্রহণ কোর্স ও উচ্চতর ভূমি ব্যবস্থাপনা

কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে থাকে। ভূমি ব্যবস্থাপনায় সম্পৃক্ত মানবসম্পদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে গতিশীল ভূমি ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে ২৬৮টি কোর্সের মাধ্যমে ৯,৮৫৩ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ভুমি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৩ | সংখ্যা | ২৪০০ | ২৪০০ | ২৫০০ | ২৫০০ | ২৬০০ | ২৭০০ | ২৮০০ |

### ৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪৬০৭০১ - ভূমি প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট | ১ | ১৩,১৭,৮৯ | ১৮,৩৫,০০ | ১৫,৩৯,৬০ | ১৭,০০,০০ | ২০,১২,০৯ | ২১,২০,২৪ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৩,১৭,৮৯** | **১৮,৩৫,০০** | **১৫,৩৯,৬০** | **১৭,০০,০০** | **২০,১২,০৯** | **২১,২০,২৪** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৩,১৭,৮৯** | **১৮,৩৫,০০** | **১৫,৩৯,৬০** | **১৭,০০,০০** | **২০,১২,০৯** | **২১,২০,২৪** |
| মোট : | | **১৩,১৭,৮৯** | **১৮,৩৫,০০** | **১৫,৩৯,৬০** | **১৭,০০,০০** | **২০,১২,০৯** | **২১,২০,২৪** |